অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/19/2026 **গভর্নর ক্যাথি হোকল**

ম্যানহাটনের প্রাক্তন লিঙ্কন কারেকশনাল ফ্যাসিলিটির উন্নয়নে PACB-এর অর্থায়ন অনুমোদনকে সাধুবাদ জানালেন গভর্নর হোকল

হারলেমের পরিত্যক্ত সংশোধনমূলক কেন্দ্রটিকে 105টি সাশ্রয়ী মূল্যের মালিকানাধীন আবাসন এবং কমিউনিটি ফেসিলিটি স্পেসে রূপান্তর করার লক্ষ্যে ভোটাভুটির মাধ্যমে একটি বড় মাইলফলক অর্জিত হয়েছে

হারলেমে প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগে সহায়তা করতে 28 মিলিয়ন মার্কিন ডলারের বেশি স্টেট তহবিল অনুমোদন করা হয়েছে
স্টেটের মালিকানাধীন অব্যবহৃত জমিতে আরো আবাসন নির্মাণের জন্য গভর্নর হোকল-এর প্রচেষ্টাকে আরো জোরদার করা হচ্ছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ম্যানহাটনের প্রাক্তন লিঙ্কন কারেকশনাল ফ্যাসিলিটির পুনর্উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষে একটি আর্থিক কাঠামো অনুমোদনের জন্য পাবলিক অথরিটি কন্ট্রোল বোর্ডের (Public Authorities Control Board) ভোটকে স্বাগত জানিয়েছেন। এই ভোটটি পুনউন্নয়ন প্রকল্পটিকে বাস্তবে রূপ দেওয়ার ক্ষেত্রে একটি বড় পদক্ষেপ, যার মাধ্যমে হার্লেমের 31-33 West 110th Street-এ দীর্ঘকাল ধরে খালি পড়ে থাকা সংশোধন কেন্দ্রটিকে (কারাগার) একটি নতুন 22 তলা বিশিষ্ট বহুমুখী ভবনে রূপান্তরিত করা হবে। এখানে 105টি পর্যন্ত স্বল্প আয়ের মানুষের জন্য মালিকানাধীন সাশ্রয়ী আবাসন ইউনিট এবং নিচতলায় কমিউনিটি সুবিধা কেন্দ্র থাকবে—যা হার্লেম কমিউনিটিতে প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলারের একটি বিনিয়োগের প্রতিনিধিত্ব করছে।

"আমাদের স্টেট জুড়ে নিউ ইয়র্কবাসীরা আবাসন সাশ্রয়ী হওয়ার সংকটের সম্মুখীন হচ্ছেন এবং এই চ্যালেঞ্জ মোকাবিলায় সাহসী পদক্ষেপ এবং প্রতিটি উপলভ্য সম্পদের সৃজনশীল ব্যবহার প্রয়োজন। আজকের এই অনুমোদন আমাদের হারলেমের প্রাণকেন্দ্রে দীর্ঘকাল ধরে পরিত্যক্ত একটি কারাগারকে নতুন সাশ্রয়ী মূল্যের মালিকানাধীন আবাসন, সামাজিকভাবে ব্যবহারের জায়গা এবং দীর্ঘস্থায়ী এলাকাভিত্তিক বিনিয়োগে রূপান্তরিত করার আরো কাছাকাছি নিয়ে গিয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "স্টেটের অব্যবহৃত সম্পত্তির পুনর্ব্যবহার করার মাধ্যমে আমরা আবাসন সরবরাহ বৃদ্ধি করছি, ভালো বেতনের কর্মসংস্থানকে সহায়তা দিচ্ছি এবং এটি নিশ্চিত করছি যেন পরিবারগুলো কেবল নিউ ইয়র্কে বসবাস করার সুযোগই না পায়, বরং এখানে স্থায়িত্ব এবং প্রজন্মের পর প্রজন্ম ধরে এগিয়ে যাওয়ার সুযোগ তৈরি করতে পারে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "আজকের PACB অনুমোদন এই যুগান্তকারী প্রকল্পের জন্য একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি। একটি সংখ্যাগরিষ্ঠ সংখ্যালঘু-মালিকানাধীন ডেভেলপার দলের নেতৃত্বে, প্রাক্তন লিঙ্কন কারেকশনাল ফ্যাসিলিটির এই পুনঃউন্নয়ন প্রকল্পটি প্রকৃত অর্থে ন্যায়সংগত অর্থনৈতিক উন্নয়ন কেমন হতে পারে তা প্রদর্শন করছে। এটি প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ, শত শত কর্মসংস্থান এবং হারলেম-এর পরিবারগুলোর জন্য প্রজন্মের পর প্রজন্ম ধরে সম্পদ গড়ার একটি নতুন পথ তৈরি করছে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal)-এর কমিশনার RuthAnne Visnauskas (রুথ অ্যান ভিসনাউকাস) বলেন, "সাবেক লিঙ্কন কারেকশনাল ফ্যাসিলিটিকে হারলেম কমিউনিটির জন্য সম্পূর্ণ নতুন আবাসন প্রকল্পে রূপান্তর করার ক্ষেত্রে PACB-এর এই অনুমোদন একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। স্টেট থেকে 28 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ প্রদানের মাধ্যমে, আমরা West 110th Street-এ সাশ্রয়ী মূল্যে আবাসন মালিকানার 105টি সুযোগ তৈরি করছি, যা মানুষকে মালিকানা-স্বত্ব এবং দীর্ঘমেয়াদী স্থিতিশীলতা অর্জনে সহায়তা করবে। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে আমরা স্টেটের অব্যবহৃত সম্পত্তি নতুনভাবে ব্যবহার করছি, গৃহমালিকানার সুযোগ প্রসারিত করছি এবং তার আবাসন সরবরাহ সংক্রান্ত পরিকল্পনাকে এগিয়ে নিয়ে যাচ্ছি। এই প্রকল্পটি এমন আবাসন সমাধান প্রদানের প্রতি আমাদের অঙ্গীকারকে প্রতিফলিত করে যা একইসাথে উচ্চাভিলাষী এবং কমিউনিটির অগ্রাধিকারের সাথে গভীরভাবে সম্পৃক্ত।"

নিউ ইয়র্ক সিটির আবাসন ও পরিকল্পনা বিষয়ক ডেপুটি মেয়র Leila Bozorg (লেইলা বোজর্গ) বলেন, "লিঙ্কন কারেকশনাল ফ্যাসিলিটির পুনর্উন্নয়ন প্রকল্প এই গুরুত্বপূর্ণ মাইলফলকটি অতিক্রম করায় আমি উচ্ছ্বসিত। এই স্থানে আবাসন এবং কমিউনিটি স্পেস তৈরির জন্য গভর্নর এবং PACB-এর সমর্থনের জন্য আমি কৃতজ্ঞ। এই প্রকল্পটি সাশ্রয়ী মূল্যে আবাসন মালিকানার সুযোগ, উন্নত কর্মসংস্থান এবং নতুন কমিউনিটি সেন্টারের ব্যবস্থা করবে যা হারলেমবাসীসহ সকল নিউ ইয়র্কবাসীদের আগামী বহু বছর ধরে উপকৃত করবে।"

নিউ ইয়র্ক সিটি হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (New York City Housing Preservation & Development)-এর কমিশনার Dina Levy (ডিনা লেভি) বলেন, "আমরা অত্যন্ত আনন্দিত যে দীর্ঘ সময় পর এই ভবনটি আর শূন্য পড়ে থাকবে না—বন্দিদশার পরিচয় নিয়ে—বরং এটি এখন জনমানুষের জন্য এক দারুণ সুযোগে পরিণত হতে যাচ্ছে। আজ আমরা হারলেমের পরিবারগুলোর মালিকানা, সুযোগ এবং প্রজন্মগত স্থিতিশীলতার পথ হিসেবে একে এগিয়ে নিয়ে যাচ্ছি। আমরা প্রাক্তন লিঙ্কন কারেকশনাল ফেসিলিটির এই প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলারের পুনঃউন্নয়নের মাধ্যমে হার্লেমবাসীদের জন্য 100টিরও বেশি সাশ্রয়ী মূল্যের আবাসন সুবিধা তৈরি করছি — যা দীর্ঘকাল ধরে শূন্য পড়ে থাকা এই স্থানটিকে এই পাড়ায় স্থায়ী স্থিতিশীলতা এবং দীর্ঘমেয়াদী বিনিয়োগের একটি ভিত্তিতে রূপান্তরিত করবে। এই প্রকল্পটি বহু বছরের প্রচেষ্টার ফসল, যা আমার স্টেট পর্যায়ে কর্মরত থাকাকালীন সময় থেকে শুরু হয়েছিল। অবশেষে এটি সামনে এগিয়ে যাচ্ছে এবং কমিউনিটির কাছে দেওয়া প্রতিশ্রুতি রক্ষা করছে দেখে আমার অত্যন্ত ভালো লাগছে।"

ম্যানহাটন বরো প্রেসিডেন্ট Brad Hoylman-Sigal (ব্র্যাড হোয়েলম্যান-সিগাল) বলেন, "পাবলিক অথরিটিজ কন্ট্রোল বোর্ডকর্তৃক আজকের এই অনুমোদন, সাবেক লিঙ্কন কারেকশনাল ফ্যাসিলিটি সাইটের দীর্ঘ প্রতীক্ষিত পুনঃউন্নয়ন বাস্তবায়নের পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বোর্ড সদস্যবৃন্দ এবং গভর্নর Hochul (হোকল)-কে আমি ধন্যবাদ জানাই তাদের নিরবচ্ছিন্ন অংশীদারিত্বের জন্য, যার মাধ্যমে একটি সুচিন্তিত পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে। এই পরিকল্পনাটি হারলেমের একটি দীর্ঘকাল ধরে খালি পড়ে থাকা সম্পত্তিকে 105টি আয়-সীমিত মালিকানাধীন আবাসন এবং নতুন কমিউনিটি সেন্টারে রূপান্তর করবে। যে সময়ে ম্যানহ্যাটান তীব্র আবাসন সাশ্রয়ী সংকটের মুখোমুখি, তখন এই ধরনের প্রকল্পগুলো প্রমাণ করে যে কীভাবে কৌশলগত সরকারি বিনিয়োগ — এক্ষেত্রে প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলার — আশেপাশের এলাকাকে শক্তিশালী করার পাশাপাশি স্থিতিশীল আবাসনের সুযোগ প্রসারে সহায়তা করতে পারে। আমি আমাদের স্টেট অংশীদারদের সাথে একযোগে কাজ চালিয়ে যাওয়ার অপেক্ষায় আছি, যাতে নিশ্চিত করা যায় যে এই উন্নয়ন হারলেম কমিউনিটির জন্য দীর্ঘস্থায়ী সুফল বয়ে আনবে।"

অ্যাসেম্বলিমেম্বার Eddie Gibbs (এডি গিবস) বলেন, "আজ PACB কর্তৃক লিঙ্কন কারেকশনাল রিডেভেলপমেন্ট-এর অনুমোদন জনগণের শক্তির পরিচয় দেয়। কয়েক মাস আগেও, যাদের আয় AMI-এর 80%-এর নিচে, তাদের জন্য একটি ইউনিটও ফাঁকা ছিল না। বর্তমানে, 30% ইউনিট 40 শতাংশ এবং 60 শতাংশ AMI-এর জন্য নির্ধারিত রাখা হয়েছে, যা ইস্ট হারলেমবাসীদের জন্য সেন্ট্রাল পার্কের ঠিক পাশেই সম্পত্তি কেনার একটি প্রকৃত সুযোগ করে দিচ্ছে। সেই সমস্ত কমিউনিটি সদস্যদের ধন্যবাদ যারা সংবাদ সম্মেলনে যোগ দিয়েছেন, ফোন করেছেন এবং জনশুনানিতে উপস্থিত হয়ে নিজেদের মতামত তুলে ধরেছেন। এই জয় সমাজের মানুষের জন্য এবং সমাজের মানুষের দ্বারা অর্জিত; এই লড়াইয়ে আপনাদের নির্বাচিত প্রতিনিধি হতে পেরে আমি গর্বিত।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য Yusef Salaam (ইউসেফ সালাম) বলেন, "পাবলিক অথরিটিজ কন্ট্রোল বোর্ড কর্তৃক আজকের এই অনুমোদন লিঙ্কন কারেকশনাল ফ্যাসিলিটি সাইট এবং সামগ্রিকভাবে হারলেম কমিউনিটির ভবিষ্যতের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। দীর্ঘদিন ধরে এই জায়গাটি পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। এই পদক্ষেপের মাধ্যমে, আমরা এটিকে একটি প্রাণবন্ত 22-তলা বিশিষ্ট মিশ্র-ব্যবহারযোগ্য স্থাপনায় রূপান্তরিত করার দিকে একটি বড় পদক্ষেপ নিচ্ছি, যা 105টি পর্যন্ত স্বল্প-আয়ের মানুষদের জন্য মালিকানাভিত্তিক আবাসন ইউনিট এবং নিচতলায় নতুন কমিউনিটি ফ্যাসিলিটি স্পেস প্রদান করবে। প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগ কেবল ইট-পাথরের দালানকোঠা নয়, বরং এক নতুন সম্ভাবনার প্রতীক—যা সাশ্রয়ী মালিকানাধীন আবাসন সুবিধা বৃদ্ধি করবে, স্থানীয় প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করবে এবং এই এলাকায় এক নতুন প্রাণের সঞ্চার করবে।"

PACB-এর ভোটের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল-এর অ্যাফোর্ডেবল হোমওনারশিপ অপরচুনিটি প্রোগ্রাম (Affordable Homeownership Opportunity Program) থেকে পাবলিক হাউজিং ক্যাপিটাল বাবদ প্রায় 18.7 মিলিয়ন মার্কিন ডলার অনুমোদিত হয়েছে। এই প্রকল্পটি নিউ ইয়র্ক সিটি হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট-

এর ওপেন ডোর (Open Door) প্রোগ্রাম থেকে আনুমানিক 36 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেট আইনসভা কর্তৃক বরাদ্দকৃত আরো 10 মিলিয়ন ডলার তহবিল প্রাপ্ত হবে।

আরো সাশ্রয়ী মূল্যের আবাসন নিশ্চিত করার বিষয়ে জনমানুষের মতামতের প্রেক্ষিতে, এই প্রকল্পে এখন আয়ের বিভিন্ন স্তরের মানুষের জন্য সুযোগ রাখা হয়েছে। বর্তমানে এখানে এমন সব ইউনিটের ব্যবস্থা রয়েছে যা এলাকার মধ্যম আয়ের 40 থেকে 100 শতাংশ উপার্জনকারী পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে। প্রায় 30 শতাংশ ইউনিট এমন পরিবারগুলোর জন্য বরাদ্দ থাকবে যাদের আয় AMI-এর 40 থেকে 60 শতাংশের মধ্যে — যা নিম্ন আয়ের পরিবারসহ হারলেমের আরো অনেক পরিবারের জন্য এই বাড়ি মালিকানার সুযোগ নিশ্চিত করবে।

এই পুনঃউন্নয়ন প্রকল্পের মাধ্যমে 31-33 West 110th Street-এ অবস্থিত বিদ্যমান পরিত্যক্ত আট তলা বিশিষ্ট প্রাক্তন কারাগারটি ভেঙে সেখানে সেন্ট্রাল পার্কের ঠিক বিপরীতে একটি নতুন 22 তলা বিশিষ্ট এবং 160,000 গ্রস বর্গফুট পর্যন্ত বিস্তৃত বহুমুখী ব্যবহারের উপযোগী ভবন নির্মাণ করা হবে। স্থাপনাটি 2019 সালে স্থায়ীভাবে বন্ধ হয়ে গেছে। এই ভবনটিতে এক থেকে তিন বেডরুমের সর্বোচ্চ 105টি আয়-সীমিত মালিকানাধীন আবাসন ইউনিট এবং নিচতলায় সর্বোচ্চ 7,626 গ্রস বর্গফুটের কমিউনিটি ফ্যাসিলিটি স্পেস থাকবে।

একটি সংখ্যাগরিষ্ঠ সংখ্যালঘু-মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগ উন্নয়ন দল — ইনফিনিট হরাইজন্স, এলএলসি (Infinite Horizons, LLC), L+M ডেভেলপমেন্ট পার্টনার্স, এলএলসি (L+M Development Partners, LLC), আরবান ডেভেলপমেন্ট গ্রুপ, লিমিটেড (Urbane Development Group, LTD), এবং লেমর ডেভেলপমেন্ট গ্রুপ, এলএলসি (Lemor Development Group, LLC) — 2023 সালের ডিসেম্বরে প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত হয়েছিল। প্রকল্পটি থেকে আনুমানিক 370টি নির্মাণ-সংক্রান্ত এবং 39টি স্থায়ী কর্মসংস্থান তৈরি হবে বলে আশা করা হচ্ছে, যেখানে স্থানীয়দের নিয়োগ এবং MWBE চুক্তিবদ্ধ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

ESD-এর পরিচালনা পর্ষদ (Board of Directors) 2024 সালের ডিসেম্বরে প্রকল্পটির জন্য একটি সাধারণ প্রকল্প পরিকল্পনা (General Project Plan) গ্রহণ করেছিল এবং SEQRA-এর অধীনে পরিবেশগত পর্যালোচনার পর 2025 সালের মার্চ মাসে তা নিশ্চিত করেছিল। প্রকল্পটি 2028 সালের মধ্যে শেষ হবে এবং এতে শতভাগ আবাসন নিশ্চিত হবে বলে আশা করা হচ্ছে।

গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা
গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধান করতে এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাশ্রয়ী ও আরো বাসযোগ্য করার ব্যাপারে নিবেদিত। 2023 অর্থবছর থেকে, গভর্নর প্রায় 4 বিলিয়ন মার্কিন ডলারের লক্ষ্যনিষ্ট বিনিয়োগ এবং একটি ব্যাপক আবাসন পরিকল্পনার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধির জন্য কাজ করে আসছেন; তিনি ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা কার্যকর করেছেন এবং স্টেট-মালিকানাধীন জমিতে 15,000টি পর্যন্ত নতুন বাড়ি নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলারের একটি মূলধনী তহবিল নিশ্চিত করেছেন।

গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, HCR নতুন কর্মসূচি তৈরি করেছে যা ভাড়াটে এবং বাড়ি ক্রেতা উভয়ের জন্যই সাশ্রয়ী ও মিশ্র-আয়ের বাড়ি নির্মাণের কাজকে গতি দেয়। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। বর্তমানে নিউ ইয়র্ক সিটিসহ 400টিরও বেশি কমিউনিটি প্রো-হাউজিং (Pro-Housing) সনদ অর্জন করেছে।

2027 সালের অর্থবছরের নির্বাহী বাজেটটি গভর্নরের বর্তমান পাঁচ বছর মেয়াদী, 25 বিলিয়ন ডলারের আবাসন পরিকল্পনাকে (Housing Plan) সম্পূর্ণ করে, যার লক্ষ্য হল স্টেটজুড়ে 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করা, যার মধ্যে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ 10,000টি বাড়ি এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে। এখনও পর্যন্ত 77,000টিরও অধিক আবাসন তৈরি বা সংরক্ষণ করা হয়েছে। নির্বাহী বাজেট সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণকে ত্বরান্বিত করার জন্য 250 মিলিয়ন ডলার বিনিয়োগ করছে, যাতে আরও হাজার হাজার সাশ্রয়ী মূল্যের বাড়ি দ্রুত নির্মাণ করা যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন